"মুজিব বর্ষের আহবান
সেবায় মিলবে পরিত্রাণ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৬.০০৪.১৯.৫৬৩

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৯
০৭ জুলাই ২০২২

বিষয়: মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০২১-২২ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রেরণ।

সূত্রঃ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ০৫ জুলাই ২০২২ তারিখের ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.২১.২২ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০২১-২২ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের লক্ষ্যে নির্ধারিত ছক মোতাবেক পূরণপূর্বক প্রয়োজনীয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

শেখ রফিকুল ইসলাম
মহাপরিচালক
ফোন: ৫৫০০৭০২৪
ফ্যাক্স: ৪৮১১৮৫৭১
ই-মেইল: dg@dss.gov.bd

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: সমাজকল্যাণ মন্ত্রণালয়।
আওতাধীন অধিদপ্তর/সংস্থার নাম: সমাজসেবা অধিদফতর।
প্রতিবেদনাধীন বৎসর: ২০২১-২২
প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০৬ জুলাই ২০২২

## (১) প্রশাসনিক

১.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বৎসরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা ) | ১২৯৮৫ | ১১১৪৮ | ১৮৩৭ | ৪০৬২ | |
| মোট | ১২৯৮৫ | ১১১৪৮ | ১৮৩৭ | ৪০৬২ | |

### ১.২ শূন্য পদের বিন্যাস

| অতিরিক্ত সচিব/তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | ১৪০ | ৩১০ | ১০৮৬ | ৩০১ | ১৮৩৭ |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদাসম্পন্ন/ সংস্থা প্রধান/তদূর্ধ্ব) শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

১.৪ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : প্রযোজ্য নয়।

১.৫ অন্যান্য পদের তথ্য:

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| -- | ৩৯৯ |

* কোন সংলগ্নি ব্যবহারের প্রয়োজন নেই।

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান

| প্রতিবেদনাধীন বৎসরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | |
| ১২৬ | ৯২ | ২১৮ | ১২১ | ৫৯৭ | ৭১৮ | |

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে): প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রদেয়।

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল এ্যাসিসটেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - |
| মোট | - | - | - | - |

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে): প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রদেয়।

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা)* | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল এ্যাসিসটেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| - | - | - | - | - |

* কতদিন বিদেশে ভ্রমণ করেছেন, তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রদেয়।

(২) অডিট আপত্তি

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত)

(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)

| ক্রমিক | মন্ত্রণালয়/ বিভাগসমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১. | সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা। | ২২৫ | ৭৫.৫০ | ২৭৭ | ৩২ | ৩১.২২ | ৫০৫ | ৮১৫.১৩ |
| | সর্বমোট = | ২২৫ | ৭৫.৫০ | ২৭৭ | ৩২ | ৩১.২২ | ৫০৫ | ৮১৫.১৩ |

**২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা : - প্রযোজ্য নয়।**

## (৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

| প্রতিবেদনাধীন অর্থ বৎসরে (২০২১-২২) মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বৎসরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরীচ্যুত /বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১১৪ | ০০ | ২১ | ২৪ | ৪৫ | ১১০ |

* বি:দ্র: ২০২১-২২ অর্থবছরে দায়েরকৃত বিভাগীয় মামলার সংখ্যা ৪১ টি। পূর্বের বছরে ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন মামলার সংখ্যা ১১৪ টি। মোট দায়েরকৃত বিভাগীয় মামলার সংখ্যা ১৫৫ টি। তন্মধ্যে নিষ্পত্তি হয়েছে ৪৫ টি। মোট অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা ১১০ টি।

## (৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত)

| সরকারি সম্পত্তি/ স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/ বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৬ টি | ৪১ টি | -- | ৪৭ টি | -- |

## (৫) মানবসম্পদ উন্নয়ন

৫.১ **দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ** (০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত)

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগীয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ১৫৪ টি | ৪,৩১৭ জন |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থবছরে (২০২১-২২) কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা : ২০২১-২২ অর্থবছরে সমাজসেবা অধিদফতর ও জাতীয় সমাজসেবা একাডেমির নিজস্ব কর্মকর্তা-কর্মচারীগণের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ইনোভেশন, জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার আইন ২০০৯, আইসিটি ও দফতর ব্যবস্থাপনাসহ বিভিন্ন বিষয়ের উপর বিভিন্ন পর্যায়ের ১৮০৭ জন কর্মকর্তা-কর্মচারিকে মোট ৯১ টি ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

(ক) প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা : নেই।

৫.৪ মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না : প্রযোজ্য নয়।

৫.৫ প্রতিবেদনাধীন অর্থবছরে (০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : ২১ জন।

**(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত)**

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ১৩ | ১০০৩ জন |

(৭) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন (০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত)

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে মোট কম্পিউটারের সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে লেন (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ওয়েন (WAN) আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কম্পিউটার প্রশিক্ষিত কর্মকর্তা | কম্পিউটার প্রশিক্ষিত কর্মচারী |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৪৮০ টি | হ্যাঁ | হ্যাঁ | না | ৫২৪ জন | ৩,৬৩০ জন |

(৮) সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব থেকে সরকারি কোষাগারে জমার পরিমাণ (অর্থ বিভাগ পূরণ করবে) - প্রযোজ্য নয়।

(৯) প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট: প্রযোজ্য নয়।

**৯.১ প্রতিবেদনাধীন অর্থবছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা :**

- 'পরিত্যক্ত শিশুর অধিকার সুরক্ষা আইন, ২০২১' প্রণয়নপূর্বক সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- বেসরকারি এতিমখানায় "ক্যাপিটেশন গ্রান্ট বরাদ্দ ও বন্টন" নীতিমালার সংশোধনী প্রস্তাব পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অধিদপ্তর হতে স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৬২.২২.৫৭৭.২১.২৭০ তারিখ ০৬ সেপ্টেম্বর ২০২১ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে ।
- ০৩টি শিশু উন্নয়ন কেন্দ্রের ব্যবস্থাপনা ও সেবার মান উন্নয়নকল্পে খসড়া কৌশলপত্র প্রস্তুত করে মহাপরিচালক মহোদয়ের স্বাক্ষরপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অধিদপ্তর হতে স্মারক নং ৪১.০১.০০০০.০৬৩.১৮.০০৪.২১.৫ তারিখ ০২ আগস্ট ২০২১ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।
- শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র (ইআরসিপিএইচ) এর সার্বিক কার্যক্রম পরিচলনার জন্য ব্যবস্থাপনা নীতিমালার খসড়া প্রস্তুত করে অনুমোদনের লক্ষ্যে অধিদপ্তর হতে স্মারক নং ৪১.০১.০০০০.০৬৩.২২.০০১.২১.৪৭ তারিখ ০৩ আগস্ট ২০২১ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।
- শিশু (সংশোধন) আইন, ২০১৮ এর আলোকে শিশু বিধিমালার খসড়া প্রণয়ন করে অনুমোদনের জন্য অধিদপ্তর হতে স্মারক নং ৪১.০১.০০০০.০৬৩.২২.৪১১.২০.৪০১ তরিখ ২৮ নভেম্বর ২০২১ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে ।
- সরকারি বাক-শ্রবণ প্রতিবন্ধী বিদ্যালয়সমূহ নীতিমালার খসড়া সদয় অনুমোদনের নিমিত্ত অধিদপ্তর হতে স্মারক নং ৪১.০১.০০০০.০৬৩.২২.০৩৭.২১-৪১২ তরিখ ০১ ডিসেম্বর ২০২১ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

- দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রমের নীতিমালার একটি ধারা সংশোধনের জন্য সমাজকল্যাণ মন্ত্রণালয়ে স্মারক নং ৪১.০১.০০০০.০০০.১৬.১৩১.২০.১০২ তারখ: ১৭ জুন ২০২১ যোগে প্রেরণ করা হয়েছে।
- পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের নীতিমালা সংশোধনপূর্বক খসড়া সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

**৯.২ প্রতিবেদনাধীন অর্থবছরে গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:**

**নতুন নিয়োগ ও স্থায়ী করণ:**

- ২য় শ্রেণীর সহকারি সমাজসেবা অফিসার পদে ১২১ জন নতুন নিয়োগ।
- ৩য় ও ৪র্থ শ্রেণীর পদে ৫৯৭ জন নতুন নিয়োগ।
- ৯৮১ টি অস্থায়ী পদ স্থায়ীকরণ।

**পদোন্নতি :**

- উপপরিচালক হতে অতিরিক্ত পরিচালক পদে ০৩ জনকে পদোন্নতি প্রদান;
- সমাজসেবা অফিসার হতে সহকারী পরিচালক পদে ১৯ জনকে পদায়ন ;
- ২য় শ্রেণী হতে ১ম শ্রেণিতে ১৬ জনকে পদায়ন;
- ৩য় শ্রেণী হতে ১১০ জনকে সহকারি সমাজসেবা অফিসার পদে পদায়ন;
- ৯২ জন কর্মচারীকে পদোন্নতি প্রদান ;

**সামাজিক নিরাপত্তা কর্মসূচি:**

- ২০২১-২২ অর্থবছরে ১৫০ টি উপজেলার নীতিমালা অনুযায়ী সকল প্রবীণ নাগরিকদের বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাকে ভাতা কর্মসূচির আওতায় আনা হয়েছে। এ লক্ষ্যে বয়স্ক ভাতাভোগীর সংখ্যা ৮ লক্ষ ১ হাজার জন এবং বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতাভোগীর সংখ্যা ৪ লক্ষ ২৫ হাজার জন বৃদ্ধি করা হয়েছে। বর্ধিত ১২ লক্ষ ২৬ হাজার ভাতাভোগী Management Information System (MIS) ব্যবহার করে অনলাইন আবেদনের মাধ্যমে নির্বাচনপূর্বক G2P পদ্ধতিতে ভাতা প্রদান করা হচ্ছে। তাছাড়া প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ অনুযায়ী সারাদেশে প্রাপ্ত অতিরিক্ত ২ লক্ষ ৮ হাজার জনসহ সর্বমোট ২০ লক্ষ ৮ হাজার জন প্রতিবন্ধী ব্যক্তিকে G2P পদ্ধতির মাধ্যমে ভাতা প্রদান কার্যক্রমে আনা হয়েছে।
- ৩০ জুন/২০২২ পর্যন্ত ভাতা ব্যবস্থাপনা সিস্টেম Management Information System (MIS) এ মোট ১কোটি ৪ লক্ষ ১৪ হাজার ৪২ জন (বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ও প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি, বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি, চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচি এবং হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির উপকারভোগীর মধ্যে ১ কোটি ৩ লক্ষ ৮২ হাজার ৪৫২ জন ভাতাভোগীকে G2P তে ভাতা প্রদান করা হয়েছে।

**চিকিৎসা ও প্রবেশন:**

**হাসপাতাল সমাজসেবা কার্যক্রম:**

২০২১-২০২২ অর্থবছরে নতুন ০৩টি হাসপাতালে রোগীকল্যাণ সমিতি সম্প্রসারিত হয়ে বর্তমানে সারা বাংলাদেশে জেলা পর্যায়ে মোট ১০৮টি ও উপজেলা পর্যায়ে মোট ৪২০টি সর্বমোট ৫২৮টি ইউনিটে হাসপাতাল সমাজসেবা কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। ২০২১-২০২২ অর্থবছরে হাসপাতালে আগত দরিদ্র, অসহায় ও দুঃস্থ রোগীদের বিনামূল্যে ঔষধ, রক্ত, বস্ত্র, ক্রাচ, হুইলচেয়ার, কৃত্রিম অঙ্গ, কাউন্সিলিং, মোটিভেশন, ফলোআপ ও পুনর্বাসন প্রভৃতির মাধ্যমে আর্থিক ও সামাজিকভাবে মোট ৭,৩৩,৬৭৭ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে।

২০২১-২০২২ অর্থবছরে হাসপাতালে আগত ও ভর্তিকৃত করোনা রোগীদের মাঝে বিনামূল্যে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, ঔষধ, পথ্য ইত্যাদি বিতরণ এবং করোনা মহামারি প্রতিরোধে নিয়মিত রোগী ও সাধারণ মানুষকে উদ্বুদ্ধ ও সচেতন করা হয়েছে।

২০২১-২০২২ অর্থবছরে রোগীকল্যাণ সমিতির মাধ্যমে সেবাদানকৃত রোগীদের মাঝে দান, অনুদান ও যাকাতের অর্থ ব্যয় হয়েছে মোট ২০,৭৩,২৪,৭২৭ টাকা। ২০২১-২০২২ অর্থবছরে হাসপাতাল সমাজসেবা কার্যক্রম জোরদারকরণে জেলা পর্যায়ের হাসপাতালসমূহে ইনহাউজ প্রশিক্ষণ এবং বিভিন্ন পর্যায়ের ডোনার, সমিতির সদস্যবৃন্দ ও সহযোগী প্রতিষ্ঠানসমূহের সমন্বয়ে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অনুদান প্রাপ্ত বেসরকারি স্বেচ্ছাসেবী সংস্থার উদ্যোগে বাস্তবায়িত হাসপাতালসমূহে ৩০% গরীব রোগীকে সেবাদানের শর্তানুযায়ী বিনামূল্যে ১৪,৯৫,৪৪৮ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে।

**প্রবেশন এন্ড আফটার কেয়ার কার্যক্রম:**

৬৪টি জেলা এবং মুখ্য মহানগর হাকিম আদালত ৬টি (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল) সর্বমোট-৭০টি ইউনিটে প্রবেশন এন্ড আফটার কেয়ার কার্যক্রম পরিচালিত হচ্ছে।

প্রবেশন অব অফেন্ডার্স অর্ডিন্যান্স ১৯৬০ অনুযায়ী

২০২১-২০২২ অর্থবছরে মঞ্জুরীকৃত প্রবেশনারের সংখ্যা: ৩৬৫৯ জন

মঞ্জুরকৃত প্রবেশনারদের আত্মশুদ্ধি, সামাজিক ও মনস্তাত্বিক উন্নয়ন এবং সমাজে পুনএকীকরণের লক্ষ্যে নিয়মিত মোটিভেশন, কাউন্সেলিং ও ফলোআপের মাধ্যমে প্রবেশনারদের সংশোধন ও তাদের অব্যাহতি প্রদানের জন্য আদালতে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে।

২০২১-২০২২ অর্থবছরে অব্যাহতি/মুক্তিপ্রাপ্ত প্রবেশনারের সংখ্যা ৮৩৩ জন

শিশু আইন ২০১৩ অনুযায়ী

২০২১-২০২২ অর্থবছরে থানা এবং কোর্ট থেকে ডাইভারশন প্রাপ্ত শিশুর সংখ্যা ১০৩৩ জন।

২০২১-২০২২ অর্থবছরে ডাইভারশন মেয়াদ শেষে অব্যাহতি প্রাপ্ত শিশুর সংখ্যা ৭৪৪ জন।

**অপরাধী সংশোধন ও পুনর্বাসন সমিতির মাধ্যমে:**

২০২১-২০২২ অর্থবছরে কারাগার অভ্যন্তরে পরিচালিত বিভিন্ন ট্রেডের মাধ্যমে উপকৃত পুরুষ ও নারী কয়েদির সংখ্যা-৪,১৯২ জন।

২০২১-২০২২ অর্থবছরে আফটার কেয়ারের মাধ্যমে প্রশিক্ষণ প্রাপ্ত ও কারামুক্ত নারী ও পুরুষ পুনর্বাসন সংখ্যা-৩,৪৮৭ জন।

ভার্চুয়াল কোর্টের মাধ্যমে শিশু উন্নয়ন কেন্দ্র থেকে জামিনে মুক্ত ও আর্থিক সহায়তা প্রাপ্ত ১০৩৮ জন শিশুকে প্রবেশন অফিসারের তত্ত্বাবধানে নিয়মিত মনিটরিং, ফলোআপ, শিক্ষা প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থানে অন্তভুর্ক্ত করা হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে প্রবেশন এন্ড আফটার কেয়ার কার্যক্রম জোরদারকরণে জেলা পর্যায়ে প্রবেশন কার্যালয়সমূহে ইনহাউজ প্রশিক্ষণ/সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

**সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম:**

**পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম:**

- পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম এর আওতায় ২০২১-২০২২ অর্থবছরে ১৯ কোটি টাকা বরাদ্দ পাওয়া যায়। ইতোমধ্যে বিনিয়োগের জন্য উক্ত অর্থ মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে ।
- কোভিড-১৯ পরিস্থিতিতে স্থবির ক্ষুদ্রঋণ কার্যক্রমকে গতিশীল করার লক্ষে ১৪-২১ ডিসেম্বর ২০২১ "ক্ষুদ্রঋণ জাগরনী সপ্তাহ" পালন করা হয়। উক্ত জাগরনী সপ্তাহে ৩৯ কোটি টাকা বিনিয়োগ, ৪৭ কোটি ৫৪ লক্ষ টাকা পুনঃ বিনিয়োগ এবং অনাদায়ী প্রায় ৪৩ কোটি টাকা আদায় করা হয় ।
- a2i এর আর্থিক ও কারিগরী সহায়তা Micro Credit Management System (MCMS) সফটওয়্যার উপজেলা পর্যায়ে ডাটা টেস্টিং এর জন্য প্রস্তুত করা হয়েছে।
- মাঠপর্যায়ের ২৯ জন কর্মকর্তা/কর্মচারী কে ১৫০০০০ টাকা করে মটরসাইকেল ঋণ দেওয়া হয়েছে।
- ক্ষুদ্রঋণ অর্থ আত্মসাৎ সংক্রান্ত ১৭টি মামলা নিস্পত্তি করা হয়েছে।

- ক্ষুদ্রঋণের প্রচারের জন্য ১০ মিনিটের একটি ভিডিও ক্লিপ তৈরি করা হয়েছে।
- ক্ষুদ্রঋণের বর্তমান ও ভবিষ্যৎ করণীয় বিষয়ে মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী মহোদয়, সচিব মহোদয় ও অর্থনীতিবীদদের অংশগ্রহণে দুটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

**দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম:**

- দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম খাতে ২০২১-২২ অর্থবছরের বাজেটে ১ কোটি ৯৩ লক্ষ টাকা বরাদ্দের সংস্থান রাখা হয়। বরাদ্দকৃত টাকা ক্ষুদ্রঋণের ঘূর্ণায়মান তহবিল হিসেবে বিনিয়োগের জন্য মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে।

**পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রম:**

- পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের আওতায় সুদমুক্ত ক্ষুদ্রঋণ খাতে ২০২১-২২ অর্থবছরের বাজেটে ১২ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত ১২ কোটি টাকা ৪ কিস্তিতে উত্তোলন পূর্বক ক্ষুদ্রঋণের ঘূর্ণায়মান তহবিল হিসেবে বিনিয়োগের জন্য মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে ৫১৪১ জন সম্পাদিকাকে সম্মানী প্রদান করা হয়েছে। উপকারভোগী পরিবারের সংখ্যা ৬০০০ টি।
- পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের নীতিমালা সংশোধন পূর্বক খসড়া সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।
- অর্থ আত্মসাতকারীদের সনাক্তকরণে বিভিন্ন জেলায় পত্র প্রেরণ করা হয়েছে।
- কার্যক্রমের গতিশীলতা আনয়নের জন্য ৪০ টি উপজেলা সমাজসেবা কার্যালয়ের মাতৃকেন্দ্র পরিদর্শন করা হয়েছে।
- কোভিড-১৯ পরবর্তী গ্রামীণ অর্থনীতির চাকা সচল রাখার লক্ষ্যে বিনিয়োগ ও পুনঃবিনিয়োগের টার্গেট নির্ধারণ করে লক্ষ্যমাত্রা অর্জনে জোর প্রচেষ্টা চালানো হয়েছে।
- মাতৃকেন্দ্র কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য "১৪-২১ ডিসেম্বর ২০২১ সুদমুক্ত ক্ষুদ্রঋণ জাগরণী সপ্তাহ" উদযাপন করা হয়েছে।

**প্রতিষ্ঠান:**

- সমাজসেবা অধিদপ্তরের সরকারি শিশু পরিবারসহ শিশু সুরক্ষার আওতায় পরিচালিত আবাসিক প্রতিষ্ঠানের শিশু নিবাসিদের মাথাপিছু মাসিক বরাদ্দ ৩৫০০ টাকা থেকে ৪০০০ টাকায় উন্নীত করা হয়।

**ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান :**

২০১০-২০১১ অর্থবছরে এই কর্মসূচির কার্যক্রম শুরু হয়। ২০২১-২০২২ অর্থবছরে 'ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠির পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান' শীর্ষক কর্মসূচিতে ২৬.৮০ কোটি টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত অর্থ দ্বারা ৬৩ টি জেলায় ভিক্ষুক পুনর্বাসন ও ৫ টি জেলায় ১৬ টি টিনসেড ভবন নির্মাণের নিমিত্তে কর্মসূচি গ্রহণ করা হয়েছে। মোট সুবিধাভোগীর সংখ্যা ৩০০০ জন। ঢাকা শহরের ভিক্ষুকমুক্ত ঘোষিত এলাকাসমূহ ভিক্ষুকমুক্ত রাখার লক্ষ্যে নিয়মিত মাইকিং, বিজ্ঞাপন, এবং ৫০ টি বিভিন্ন স্থানে নষ্ট হয়ে যাওয়া স্টিল স্ট্যান্ডবোর্ড মেরামত/নতুন স্থাপন করা হয়েছে। ঢাকা শহরের ভিক্ষুকমুক্ত ঘোষিত এলাকাসমূহে ২০২১-২০২২ অর্থবছরে ১২৯টি মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ২০০০ জন পেশাদার ভিক্ষুক আটক করা হয়। যাদের মধ্যে ৭৮৮ জনকে সরকারী আশ্রয়কেন্দ্রে বিভিন্ন মেয়াদে আটক রেখে প্রশিক্ষণ প্রদান ও পুনর্বাসন করা হয়। অবশিষ্ট ১২১২ জনকে পরিবারে পুনর্বাসন করা হয়। ইতোমধ্যে ভিক্ষুক পুনর্বাসনের কাজটি পদ্ধতিগতভাবে বাস্তবায়নের জন্য ভিক্ষুক পুনর্বাসন সংক্রান্ত বাস্তবায়ন নীতিমালা মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে।

**প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি:**

- বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়। এ প্রকল্পে প্রান্তিক জনগোষ্ঠী বলতে দেশের পিছিয়ে পড়া সে সব পেশাজীবীগোষ্ঠীকে বুঝাবে, যারা বংশগতভাবে বিভিন্ন আদি পেশা, যথা: কামার, কুমার, নাপিত, বাঁশ-বেত পণ্য, কাঁশা-পিতল সামগ্রী, জুতা মেরামত (মুচি), বাদ্যযন্ত্র, নকশী কাঁথা, লোকজযন্ত্র, শিতলপাটি-শতরঞ্জী তৈরি সহ এ ধরনের সনাতন পেশার সাথে সম্পৃক্ত। প্রকল্পটি সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জুলাই ২০১৭ হতে জুন ২০২০ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত হয় এবং পরবর্তীতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত ২য় সংশোধনীর মাধ্যমে মেয়াদ বৃদ্ধি করা হয়। মূল প্রকল্পটি মোট ৮ টি জেলার ৮২ টি উপজেলায় বাস্তবায়নের জন্য প্রাক্কলিত ব্যয় ধরা হয়েছিল ৪৮৫৫.৭০ লক্ষ টাকা যা ২য় সংশোধনীর মাধ্যমে ২৭ টি জেলার ১১৭ টি উপজেলায় বাস্তবায়নের লক্ষ্যে ৭০৮৪.২২ লক্ষ টাকায় বৃদ্ধি করা হয়।

জুন ২০২২ পর্যন্ত প্রকল্পের প্রশিক্ষণ ও অনুদান বাস্তবায়নের চিত্র:

| বিবরণ | লক্ষ্যমাত্রা (ডিসেম্বর ২০২২) | ইতোমধ্যে সম্পন্ন (জুন/২০২২) | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| সফটস্কিলস প্রশিক্ষণ | ১৪৮৪৭ জন | ১৪৮৪৭ জন | ১০০% |
| এপ্রেন্টিসশীপ প্রশিক্ষণ | ১১৪৯৬ জন | ১১৪৯৬ জন | ১০০% |
| অনুদান (নগদ সহায়তা) | ২৬৩৪৩ জন | ২৬৩৪৩ জন | ১০০% |

- অনুদান খাতে জুন ২০২২ পর্যন্ত ব্যয়- ৪৭,৪১,৭৪,০০০ টাকা;
- প্রশিক্ষণ খাতে জুন ২০২২ পর্যন্ত ব্যয় – ১৫,৩৭,৯৭,৫০০ টাকা;
- ৩০ জুন ২০২২ পর্যন্ত মোট অনুমোদিত জরিপ- ৪,২৫,০৭২ জন।

**শহর সমাজসেবা** কার্যক্রম:

২০২১-২২ অর্থ বছরের বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের (ইউসিডি) ১০.৬০ কোটি টাকার মধ্যে ৭ কোটি ৯৫ লক্ষ টাকার বিভাজন মাঠ পর্যায়ে ইউসিডি কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং ঋণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২২ অর্থবছরে ক্ষুদ্রঋণ কার্যক্রমের বিনিয়োগের পরিমাণ ১৮.৫৫ কোটি টাকা, পুনঃবিনিয়োগের পরিমাণ ১০.২১ কোটি টাকা, আদায়কৃত সার্ভিস চার্জ ৫.৫৮ কোটি টাকা, বিনিয়োগের আদায়ের হার ৮৮%, পুন:বিনিয়োগের আদায়ের হার ৯১%, উপকারভোগী ৫৮০০ টি পরিবার।

বৃত্তিমূলক প্রশিক্ষণে সুবিধাভোগী পুরুষ প্রশিক্ষণার্থীর সংখ্যা ১২২১৯ জন এবং সুবিধাভোগী নারী প্রশিক্ষণার্থী সংখ্যা ৮১৪৫ জন। এছাড়া a2i এর সহযোগিতায় ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা সিস্টেম Micro Credit Monitoring System (MCMS) সফটওয়্যার এর কাজ চলমান রয়েছে।

**দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ:**

| প্রশিক্ষণ কর্মসূচীর নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | ৩(তিন) মাস, ৬(ছয়) মাস ৩৬০ ঘন্টার বেসিক ট্রেড কোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড (বাকাশিবো) কর্তৃক অনুমোদিত | সমাজসেবা অধিদফতরাধীন শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক পরিচালিত ৮০ টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র | এই কার্যক্রমের শুরু থেকে এই পর্যন্ত প্রশিক্ষণার্থী সংখ্যা ৩,১৪,৯০৫ জন।<br>শহর সমাজসেবা কার্যক্রমের আওতাধীন এতিম প্রতিবন্ধী ও অন্যান্য প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩,১৪৯ জন। |

- ২০১৫-১৬ অর্থবছর পর্যন্ত মোট ১,৯৪,৭৩৩ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করে থাকে শহর সমাজসেবা কার্যালয়ের নিজস্ব কারিকুলাম অনুযায়ী।
- বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের অধীনে বোর্ডের কারিকুলাম অনুযায়ী এ পর্যন্ত ১২ টি সেশনে মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা ১,২০,১৭২ জন এবং প্রশিক্ষণ কার্যক্রমের শুরু থেকে এই পর্যন্ত মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা ৩,১৪,৯০৫ জন।
- এটুআই প্রকল্পের মাধ্যমে কওমী ও আলিয়া মাদ্রাসার ১০০০ জন শিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) কর্তৃক নিবন্ধনের জন্য ৮০ টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রের চাহিত যাবতীয় কাগজপত্র প্রেরণ করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে ৪৭ টি কেন্দ্র NSDA কর্তৃক নিবন্ধিত হয়েছে। অন্য কেন্দ্রগুলোর নিবন্ধনের কাজ এনএসডিএ (NSDA) তে প্রক্রিয়াধীন রয়েছে।
- সকল সরকারি দপ্তরের প্রশিক্ষণ কার্যক্রম ইতোমধ্যে একই প্লাটফর্মে আনয়নের অংশ হিসেবে ICT বিভাগের a2i প্রকল্প কর্তৃক dss.nise.gov.bd প্রশিক্ষণ সফটওয়্যার এর মাধ্যমে প্রশিক্ষণার্থী ভর্তি ও অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য সফটওয়্যার এর কাজ চলমান রয়েছে।
- ০৯/০২/২০২২ তারিখে সফটওয়্যারটির ডেমো টেস্ট অনুষ্ঠিত হয়। ২০২১-২০২২ অর্থবছরে মাঠ পযায়ের সংশ্লিষ্ট কাযালয় ও সদর কাযালয়ের ৩৩০ জন কর্মকর্তা/কর্মচারিকে ১১টি ব্যাচে বর্ণিত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সফটওয়্যার dss.nise.gov.bd এর প্রশিক্ষক প্রশিক্ষণ (TOT) প্রদান করা হয়।

**স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থা নিবন্ধন ও নিয়ন্ত্রণ কার্যক্রম :**

- ২০২১-২২ অর্থবছরে অধিদফতরাধীন বিভিন্ন জেলার মাধ্যমে ৪৭৬টি সংস্থাকে নিবন্ধন প্রদান করা হয়েছে।
- ২০২১-২২ অর্থবছরে নিবন্ধন ফি ও ভ্যাট বাবদ রাজস্ব আদায় ২৭ লক্ষ ৩৭ হাজার টাকা।
- ২০২১-২২ অর্থবছরে একাধিক জেলায় কার্যক্রম বাস্তবায়ন করে এমন ১৩০টি সংস্থার কার্যনির্বাহী কমিটি অনুমোদন দেয়া হয়।
- ২০২১-২২ অর্থবছরে ৭৯টি সংস্থাকে একাধিক জেলায় কার্যক্রম বাস্তবায়ন করার জন্য সম্প্রসারণ আদেশ দেয়া হয়।
- ২০২১-২২ অর্থবছরে নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থার কার্যক্রম মনিটরিং জোরদারকরণের নিমিত্ত বিভিন্ন জেলায় ৯৫ টি সংস্থা পরিদর্শন করা হয়।

**বিভিন্ন দিবস উদযাপন:**

- ১৫ আগস্ট ২০২১ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ পালন উপলক্ষে দোয়া মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হয়।
- ০১ অক্টোবর ৩১তম আন্তর্জাতিক প্রবীণ দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপন ও দিবস উপলক্ষে পোষ্টার এবং লিফলেট ছাপানোপূর্বক সমাজসেবা অধিদপ্তরের সকল ইউনিটসমূহে প্রেরণের জন্য ৬৪ জেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।
- ১৮ অক্টোবর ২০২১ "শেখ রাসেল দিবস" যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়। দিবস উপলক্ষে সমাজসেবা অধিদপ্তরের "মধুমতি মিলনায়তন" (নীচ তলা) আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এছাড়া সমাজসেবা অধিদপ্তর পরিচালিত আবাসিক প্রতিষ্ঠানসমূহে উন্নতমানের খাবার প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়।
- ০২ জানুয়ারি জাতীয় সমাজসেবা দিবস ২০২২ "মুজিব বর্ষের সফলতা, ঘরেই পাবেন সকল ভাতা" প্রতিপাদ্যকে সামনে যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়। দিবস উপলক্ষে মূদ্রণকৃত পোস্টার, ব্রোশিয়র, লিফলেট এবং ক্যালেন্ডার মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে।
- ০২ এপ্রিল ২০২২ তারিখ ১৫ তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস ২০২২ উদযাপন উপলক্ষে ০১ এপ্রিল ২০২২ তারিখ দিবাগত রাত থেকে ০২ (দুই) দিন ব্যাপী রাতে সমাজসেবা অধিদপ্তরের সকল কার্যালয়ে নীলবাতি প্রজ্জলন করা হয়েছে।

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে সমাজসেবা অধিদপ্তর প্রাঙ্গনে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানের আয়োজন করা হয়।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন ও দিবস উপলক্ষে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক সমাজকল্যাণে বঙ্গবন্ধুর ঐতিহাসিক অবদান (১৯৭২-১৯৭৫) "মুক্তির মহানায়ক বঙ্গবন্ধু" স্মরণিকা প্রকাশ ও মাঠ পর্যায়ের সকল কার্যালয়ে বিতরণ করা হয়েছে।

**তথ্য প্রযুক্তির সম্প্রসারণ এবং ই-সেবা বিষয়ক অগ্রগতি :**

- প্রতিবন্ধী ব্যক্তির তথ্য ভান্ডার (Disability Information System) : ডাক্তার কর্তৃক শনাক্তকৃত প্রতিবন্ধী ব্যক্তিগণের তথ্যসমূহ যথাযথভাবে সংরক্ষণ এবং সংরক্ষিত তথ্যের আলোকে প্রতিবন্ধী ব্যক্তিগণের সামগ্রিক উন্নয়ন নিশ্চিতকল্পে Disability Information System অ্যাপ্লিকেশন সফটওয়্যার এ প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য সন্নিবেশের কাজ চলমান রয়েছে।
- Management Information System (MIS) : সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত বিভিন্ন ভাতা কার্যক্রম বাস্তবায়ন সহজতর করার লক্ষ্যে ওয়েববেজ্‌ড Management Information System (MIS) এ সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় সুবিধাভোগী ব্যক্তির তথ্য সন্নিবেশের কাজ চলমান রয়েছে।
- Financial Aid Management System (FAMS) : Financial Aid Management System (FAMS) সফটওয়্যার এর মাধ্যমে ক্যান্সার, কিডনী ও লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড ও জন্মগত হৃদরোগীর আর্থিক সহায়তার জন্য অনলাইনে আবেদন করা যায়। অনলাইন আবেদন লিঙ্ক www.welfaregrant.gov.bd।
- a2i এর সহযোগিতায় ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা সিস্টেম Micro Credit Monitoring System (MCMS) সফটওয়্যার এর কাজ চলমান রয়েছে।
- সকল সরকারি দপ্তরের প্রশিক্ষণ কার্যক্রম ইতোমধ্যে একই প্লাটফর্মে আনয়নের অংশ হিসেবে ICT বিভাগের a2i প্রকল্প কর্তৃক dss.nise.gov.bd প্রশিক্ষণ সফটওয়্যার এর মাধ্যমে প্রশিক্ষণার্থী ভর্তি ও অন্যান্য কার্যক্রম পরিচালনার জন্য সফটওয়্যার এর কাজ চলমান রয়েছে।
- সমাজসেবা অধিদফতরের সকল কার্যালয়সমূহকে একটি নেটওয়ার্কের আওতাভূক্ত করে জনবলের সার্বিক উৎপাদনশীলতা বৃদ্ধি এবং উপকারভোগীদের সর্বোত্তম স্বার্থ নিশ্চিত করার লক্ষ্যে Human Resources Management Software of Department of Social Services (HRM) সফটওয়্যার প্রস্তুত সম্পন্ন হয়েছে। সদর কার্যালয়সহ ৮ বিভাগে মোট ১০৫০ জন কর্মকর্তাকে সফটওয়্যার ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সফটওয়্যারটির ওয়েবসাইট লিঙ্ক hrmdss.gov.bd।
- "নিবন্ধিত সেচ্ছাসেবী সমাজকল্যাণ সংস্থার কর্মএলাকা সম্প্রসারণ অনুমোদন" শীর্ষক একটি সেবা সহজীকরণ করা হয়েছে।
- ই-ফাইলিং (নথি) সিস্টেম: ডিজিটাল বাংলাদেশ গড়ার ক্ষেত্রে মাইলফলক ই-ফাইলিং। বর্তমান সমাজসেবা অধিদফতরের সদর কার্যালয়সহ সকল বিভাগ, জেলা, উপজেলা ও অন্যান্য ইউনিট অফিসসমূহ ই-ফাইলিং এর মাধ্যমে দাফতরিক কাজ সম্পন্ন করছে ।

- সমাজসেবা অধিদফতরের আর্থিক ব্যবস্থাপনা কার্যক্রমকে স্বচ্ছ ও শক্তিশালী করার লক্ষ্যে বর্তমানে মাঠপর্যায়ের ১০৩২টি কার্যালয়ের বাজেট চাহিদা নিরূপণ এবং আগামী ০৩ বছরের বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ নির্ণয়ের কাজটি বর্তমানে 'ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট সিস্টেম"(fms.dss.gov.bd) এর মাধ্যমে সম্পন্ন হচ্ছে।
- Child Helpline-1098: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৭ অক্টোবর ২০১৬ গণভবন থেকে ভিডিও কনফারেন্স এর মাধ্যমে চাইল্ড হেল্পলাইন-১০৯৮ এ কলকরণ এবং সেন্টার এজেন্টের সাথে কথোপকথনের মাধ্যমে চাইল্ড হেল্পলাইন ১০৯৮ এর শুভ উদ্বোধন ঘোষণা করেন। বাল্যবিবাহ, শিশুশ্রম, শিশু নির্যাতন, শিশু পাচার ইত্যাদি শিশু অধিকার ও শিশুর সামাজিক সুযোগ সুবিধা নিশ্চিতকরণে সার্বক্ষণিকভাবে প্রয়োজনীয় সেবা প্রদান করা হচ্ছে। ৩০ জুন ২০২২ তারিখ পর্যন্ত চাইল্ড হেল্পলাইন-১০৯৮ এ কল গ্রহণের সংখ্যা ১৪ লক্ষ ৭৫৭।
- সমাজসেবা অধিদফতরের সকল কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ক ইনহাউজ প্রশিক্ষণ ১০টি ব্যাচে প্রদান করা হয়েছে। এছাড়াও অভিযোগ প্রতিকার ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ২০টি ইনহাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।
- নাগরিক সেবা সহজীকরণ ও উদ্ভাবনী কার্যক্রম বিকাশের লক্ষ্যে "উদ্ভাবনী ধারনা, সেবা সহজীকরণ এবং উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন" শীর্ষক ০৪ টি সেমিনার ও ৫ টি ইনহাউজ প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।
- সমাজসেবা অধিদফতরের সেবাসমূহের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকল্পে ০৩ টি গণশুনানী আয়োজন করা হয়েছে।

**অধিদফতরের কার্যক্রমে গতিশীলতা আনয়ন, সচেতনতা তৈরি, প্রচার ও প্রকাশনা :**

- মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত দিকনির্দেশনা বাস্তবায়নের জন্য ১০ টি টিভিসি (প্রতিটি ১ মিনিট) যথা- সামাজিক নিরাপত্তা, প্রতিবন্ধিতা/অটিজম কার্যক্রম, হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন, হাসপাতাল সমাজসেবা কার্যক্রম ও সুদমুক্ত ক্ষুদ্রঋণ সংক্রান্ত টিভিসি প্রস্তুতপূর্বক ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার করা হয়েছে।
- বিভিন্ন দিবস উপলক্ষে সমাজসেবা অধিদফতরের সামগ্রিক কার্যক্রম সম্বলিত লিফলেট, ব্রোশিওর, পোস্টার মুদ্রণ ও বিতরণ।
- সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় G2P পদ্ধতিতে ভাতাভোগীদের ভাতা প্রদানের লক্ষ্যে হিসাব খোলায় উদ্বুদ্ধ করতে ০৬টি বেসরকারি টিভি চ্যানেলে অন এয়ার ক্যাম্পেইন এর মাধ্যমে প্রচার করা হয়েছে। এছাড়াও পত্রিকায় বিজ্ঞাপন, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় টিভি স্ক্রলসহ টেলিভিশন, বেতারে প্রচারণার মাধ্যমে জনগণকে অবহিতকরণ করা হয়। ভাতাভোগীদের, উদ্বুদ্ধকরণ, ভোগান্তি নিরসন ও সতর্কতামূলক গণবিজ্ঞপ্তি ০৩টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রচার করা হয়েছে।
- G2P পদ্ধতিতে ভাতা প্রদানের লক্ষ্যে ভাতাভোগীদের সচেতনতা বৃদ্ধির জন্য দেশব্যাপি মাইকিং ও অন্যান্য মাধ্যমে ব্যাপক প্রচারণা করা হয়েছে।
- ইউটিউবে সমাজসেবা অধিদপ্তরের সরকারি সেবা কার্যক্রমের ভিডিও আপলোড।
- সমাজসেবা অধিদপ্তরের কার্যক্রমের প্রচার-প্রচারণা পত্রিকায় বিজ্ঞাপন, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় টিভি স্ক্রলসহ টেলিভিশন, বেতারে প্রচারণার মাধ্যমে জনগণকে অবহিতকরণ করা হয়।

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে ঘোষিত "মুজিববর্ষ" এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে সমাজসেবা অধিদফতর কর্তৃক গৃহীত কর্মসূচি:**

**১. সামাজিক নিরাপত্তা কার্যক্রম এর আওতা বৃদ্ধিকরণ:**

দেশের ১৫০ টি দারিদ্র্যপ্রবণ উপজেলার ভাতা পাওয়ার যোগ্য শতভাগ প্রবীণ ব্যক্তি এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা কার্যক্রমের আওতাভুক্ত করা হয়েছে।

**২. সুদমুক্ত ক্ষুদ্রঋণ এর বরাদ্দ বৃদ্ধিকরণ:**

মুজিববর্ষ উপলক্ষে সুদমুক্ত ক্ষুদ্রঋণের বরাদ্দের পরিমাণ ৭৫.০০ কোটি টাকায় উন্নীত করা হয়।

**৩. বঙ্গবন্ধু কর্ণার স্থাপন:**

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধুকে স্মরণ করে স্বপ্নের সোনার বাংলা গড়া ও জনগণের অধিকার সুপ্রতিষ্ঠার জন্য সমাজসেবা অধিদফতরের সদর কার্যালয়সহ মোট ১০৩২ টি কার্যালয়ে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা হয়।

**৪. বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী (ব্রেইলবুক) প্রকাশনা উৎসব:**

জাতির পিতার জীবন ও আদর্শ দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের মাঝে লালনের প্রয়াসে বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী (ব্রেইলবুক) প্রকাশনা উৎসবের জন্য ১০০ সেট আত্মজীবনী (১ সেট আত্মজীবনী ৬ কপি হিসেবে মোট ৬০০ কপি) ব্রেইল বই মুদ্রণ সম্পন্ন হয় যার মোড়ক উন্মোচন করেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী।

**৫. বঙ্গবন্ধু স্মরণে বঙ্গবন্ধু কুইজ/রচনা/সাংস্কৃতিক প্রতিযোগিতা:**

শিশুদের মাঝে জাতির পিতার জীবন ও কর্ম পৌঁছে দেয়ার জন্য প্রতিষ্ঠানভিত্তিক জেলা পর্যায়ে রচনা ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়।

**৬. জরিপকৃত সকল প্রতিবন্ধীকে ভাতা প্রদান:**

মুজিববর্ষ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে জরিপকৃত সকল প্রতিবন্ধী ব্যক্তিকে পর্যায়ক্রমে প্রতিবন্ধী ভাতা প্রদান করা হয়।

**১৩. স্বামী পরিত্যক্তা ও বিধবা নারীগণের ডাটাবেইজ প্রণয়ন:**

মুজিববর্ষ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে দেশের ভাতাপ্রাপ্ত সকল বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাদের ডাটাবেইজ প্রণয়ন করা হয় যা MIS সফটওয়্যারে সন্নিবেশিত আছে। এছাড়া ও কর্মক্ষম বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ও স্বাবলম্বীকরণে গ্রাজুয়েশন স্কীম কার্যক্রম গ্রহণের জন্যে প্রাথমিক উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**১৪. সমাজসেবা অধিদফতরের সকল ভাতা ই-পেমেন্ট (G2P) এর মাধ্যমে বাস্তবায়ন:**

মুজিববর্ষ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে চলতি অর্থবছরেই বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ও অসচ্ছল প্রতিবন্ধী এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তির আওতায় সকল ভাতাভোগীর ভাতার অর্থ G2P পদ্ধতিতে বিতরণ করা হয়।

**১৫. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনা করে কোরআন খতম:**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনা করে আগামী ১৭ মার্চ ২০২০ হতে ৩১ মার্চ ২০২২ এর মধ্যে সমাজসেবা অধিদফতরের আওতাধীন সকল ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত বেসরকারী এতিমখানা ও সরকারি শিশু পরিবারের এতিম নিবাসীদের মাধ্যমে ১ লক্ষ ৫০০ বার কোরআন খতম করা হয়।

৯.৩ ২০২১-২২ অর্থবছরে মন্ত্রণালয়ের কার্যাবলি সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সংকটের আশঙ্কা করা হলে তার বিবরণ (সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সংকট উল্লেখের প্রয়োজন নেই ; উদাহরণ : পদ সৃষ্টি, শূন্য পদ পূরণ ইত্যাদি) : প্রযোজ্য নয়।

(১০) **মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত : প্রযোজ্য নয়।**

১০.১ ২০২১-২২ অর্থবছরের কার্যাবলির মাধ্যমে মন্ত্রণালয়ের আরদ্ধ উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি ? হ্যাঁ, ২০২১-২২ অর্থবছরে সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কার্যক্রম ও এসিডদগ্ধ প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম, আর্থ-সামাজিক উন্নয়নে সুদমুক্ত ক্ষুদ্রঋণ, প্রান্তিক জনগোষ্ঠী যেমন হিজড়া, দলিত, বেদে ও অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম, শিশু, প্রতিবন্ধীদের উন্নয়ন-কল্যাণমূলক কার্যক্রম, দরিদ্র রোগীদের চিকিৎসা সহায়তা প্রদানে জন্য হাসপাতাল সমাজসেবা কার্যক্রম, স্বেচ্ছাসেবী সংস্থা নিবন্ধন কার্যক্রম, প্রবেশন কার্যক্রম ও উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য কার্যক্রম সফলভাবে বাস্তবায়িত হয়েছে।

১০.২ **উদ্দেশ্যাবলি সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ :**
সমাজসেবা অধিদফতরের উদ্দেশ্য বাস্তবায়নের ক্ষেত্রে বড় ধরনের কোন প্রতিবন্ধকতা সৃষ্টি হয়নি।

১০.৩ মন্ত্রণালয়ের আরদ্ধ উদ্দেশ্যাবলি আরও দক্ষতা ও সাফল্যের সঙ্গে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ :

সমাজসেবা অধিদফতরের কার্যক্রম জোরদার করার জন্য নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ আবশ্যক :

১. সমাজসেবা অধিদফতরের বিদ্যমান ১ম শ্রেণির ১৪০টি ও ২য় শ্রেণির ৩১০ টি এবং ৩য় ও ৪র্থ শ্রেণীসহ মোট ১৩৮৭ টি শূন্য পদ দ্রুত পূরণ;

২. সমাজসেবা অধিদফতরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের দেশে-বিদেশে প্রশিক্ষণ সুবিধা বৃদ্ধি;

৩. ২০২ টি পদসৃজন সচিব কমিটির সভায় অনুমোদন প্রক্রিয়াধীন রয়েছে।

(১১) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

১১.১, ১১.২, ১১.৩, ১১.৪, ১১.৫, ১১.৬ - প্রযোজ্য নয়।

(১২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয় পূরণ করবে)

১২.১, ১২.২, ১২.৩, ১২.৪, ১২.৫, ১২.৬, ১২.৭, ১২.৮ - প্রযোজ্য নয়।

(১৩) ফৌজদারি মামলা সংক্রান্ত তথ্য (আইন ও বিচার বিভাগ পূরণ করবে) - প্রয়োজ্য নয়।

(১৪) অর্থনৈতিক (অর্থ বিভাগ পূরণ করবে)

১৪.১ - প্রযোজ্য নয়।

(১৫) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত (বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের জন্য) :

১৫.১ **উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত)**

| প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে আরএডিপি'তে মোট বরাদ্দ কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৫২ | ৪৩৭.৯৭ (আরএডিপি) | ৩৯৩.১০৮৩৮<br>৮৯.৭৬% | ০৩ (তিন) |

১৫.২ **প্রকল্পের অবস্থা (০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত)**

| **শুরু করা নতুন প্রকল্পের সংখ্যা** | **প্রতিবেদনাধীন বছরে সমাপ্ত প্রকল্পের তালিকা** | প্রতিবেদনাধীন বছরে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | **প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো** |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৮টি | ১। হাজী নওয়াব আলী খান এতিমখানার উন্নয়ন (সংশোধিত)<br>২। লালমনিরহাট জেলার অতিদরিদ্র জনগোষ্ঠীকে বিবিধ প্রশিক্ষণের মাধ্যমে তাদের জীবনমান উন্নয়ন<br>৩। ফরিদপুর ও রাজবাড়ী জেলার বিভিন্ন উপজেলার দুঃস্থ ও অসহায় নারীদের আয়বর্ধক কার্যক্রমের উপর প্রশিক্ষণ<br>৪। জাতীয় সমাজসেবা একাডেমির সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি (সংশোধিত)<br>৫। সমাজসেবা অধিদফতরের মানব সম্পদ ব্যবস্থাপনা সফটওয়ার<br>৬। আনন্দপুর আলহাজ্ব আহম্মদ উল্লাহ- সালেহ আহমেদ কমিউনিটি হাসপাতাল ও আর্থ সামাজিক উন্নয়ন<br>৭। মাগুরা ডায়াবেটিক হাসপাতাল স্থাপন<br>৮। জালালাউদ্দিন আহমেদ ফাউন্ডেশন কমিউনিটি ভিত্তিক মা, শিশু ও ডায়াবেটিক হাসপাতাল নির্মাণ<br>৯। ৫০ শয্যা বিশিষ্ট চাঁপাইনবাবগঞ্জ ডায়াবেটিক হাসপাতাল স্থাপন (সংশোধিত)<br>১০। দুস্থ ছেলে-মেয়েদের আর্থ-সামাজিক উন্নয়ন ও পুনর্বাসনে পেশাভিত্তিক কম্পিউটার/ আইটি প্রশিক্ষণ<br>১১। অনগ্রসর ও হতদরিদ্র জনগোষ্ঠীর জন্য আত্মকর্মসংস্থানমূলক কাজের প্রশিক্ষণের মাধ্যমে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন<br>১২। অবহেলিত, বিধবা, দুস্থ, অনগ্রসর ও পশ্চাদপদ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের জন্য কর্মসংস্থানমূলক প্রশিক্ষণ প্রদান | প্রযোজ্য নয় | ১। জেলা সমাজসেবা কমপ্লেক্স ভবন<br>২। প্রবীণ নাগরিকদের জন্য আবাসিক ভবন<br>৩। এতিমখানা ভবন<br>৪। হাসপাতাল ভবন |

১৫.৩, ১৫.৪, ১৫.৫, ১৫.৬ - প্রযোজ্য নয়।

(১৬) ঋণ ও অনুদান সংক্রান্ত তথ্য (অর্থনৈতিক সম্পর্ক বিভাগ পূরণ করবে) - প্রযোজ্য নয়।

(১৭) **অবকাঠামো উন্নয়ন (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ, সংশ্লিষ্ট অর্থবছরে (২০২১-২২) বরাদ্দকৃত অর্থ, ব্যয়িত অর্থ, সংশ্লিষ্ট অর্থবছরে (২০২১-২২) লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি) : (লক্ষ টাকায়)**

| ক্রম | অবকাঠামো নির্মাণ সংক্রান্ত প্রকল্পের নাম ও মেয়াদ | (২০২১-২০২২) বরাদ্দকৃত অর্থ | ব্যয়িত অর্থ | সংশ্লিষ্ট অর্থ-বছরে (২০২১-২০২২) লক্ষ্যমাত্রা | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | ৬৪ জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায়, ২২টি জেলায়) (১ম সংশোধিত) (জুলাই/১৭- জুন/২৩) | ৮১৩১.০০ | ৮১১.৭৯৯ | ৮১৩১.০০ | ৯৯.৭৬% |
| ২. | সরকারি শিশু পরিবার এবং ছোটমণি নিবাস নির্মাণ/পুন:নির্মাণ (১ম সংশোধিত) (জুলাই, ২০১৮ - জুন/২৩) | ৩৪০৮.০০ | ৩৩৫৪.২৭ | ৩৪০৮.০০ | ৯৮.৪২% |
| ৩. | দুস্থ শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র পুনঃনির্মাণ, কোনাবাড়ি, গাজীপুর (জুলাই, ২০১৯ - জুন, ২০২২) (প্রস্তাবিত জুন ২০২৩) | ২০০.০০ | ৩৯.৮০২ | ২০০.০০ | ১৯.৯০% |
| ৪. | ০৮টি সরকারি শিশু পরিবারে ২৫ শয্যাবিশিষ্ট শান্তি নিবাস স্থাপন (জুলাই, ২০২০ - জুন, ২০২২) (প্রস্তাবিত জুন, ২০২৪) (প্রাক্কলিত ব্যয় - ৭৩৯৮.৯১ লক্ষ টাকা) | ৫৮৪.০০ | ৫৪৬৭৭৩ | ৫৮৪.০০ | ৯৩.৬৩% |
| ৫. | হাজী নওয়াব আলী খান এতিমখানা উন্নয়ন (সংশোধিত) (জানুয়ারি, ২০১৯ থেকে ডিসেম্বর, ২০২১) (প্রাক্কলিত ব্যয়- ১৯৭১.৬৪ লক্ষ টাকা) | ১.০০ | ০.০০ | ১.০০ | - |
| ৬. | আনন্দপুর আলহাজ আহম্মদ উল্লাহ-সালেহ আহমেদ কমিউনিটি হাসপাতাল ও আর্থ সামাজিক উন্নয়ন (মে ২০১৮ হতে জুন ২০২২) (প্রাক্কলিত ব্যয় -৪৮৬১.৯৭ লক্ষ টাকা) | ১১১২.০০ | ১১১১.৯৫৭ | ১১১২.০০ | ৯৯.৯৯% |
| ৭. | জাহাঙ্গীরাবাদ সেনানিবাস, বগুড়া এ প্রয়াস এর সম্প্রসারণ ও উন্নয়ন (১ম সংশোধিত) (জানুয়ারি ২০১৮ থেকে জুন ২০২২) (প্রস্তাবিত ডিসেম্বর/২০২২) (প্রাক্কলিত ব্যয় -৪৪৭৩.৪৩ লক্ষ টাকা) | ১০৮২.০০ | ৭২৪.৮৮৩ | ১০৮২.০০ | ৬৬.৯৯% |
| ৮. | মাগুড়া ডায়াবেটিক হাসপাতাল স্থাপন (জুলাই/১৭- জুন/২২) (প্রস্তাবিত ডিসেম্বর/২২) (প্রাক্কলিত ব্যয় -২৪৯৭.১৭ লক্ষ টাকা) | ৬৪৯.০০ | ৬৩৪.৬৮৩ | ৬৪৯.০০ | ৯৭.৮০% |
| ৯. | এস্টাবলিশমেন্ট অব জালালউদ্দিন আহমেদ ফাউন্ডেশন কমিউনিটি বেইজড ডেসটিটিউট মাদার, চাইল্ড এন্ড ডায়াবেটিক হসপিটাল (জুলাই ২০১৭ থেকে জুন ২০২২) (প্রস্তাবিত জুন ২০২৩) (প্রাক্কলিত ব্যয় -২৪৫৪.২১ লক্ষ টাকা) | ১০০৫.০০ | ৭৯৯.৪৬৪ | ১০০৫.০০ | ৭৯.৫৫% |
| ১০. | কুমিল্লায় ১০০ শয্যা বিশিষ্ট বিশেষায়িত হাসপাতাল স্থাপন (জুলাই ২০১৭ থেকে জুন ২০২১) (প্রস্তাবিত জুন, ২০২৩) (প্রাক্কলিত ব্যয় -৪৯৩৪.৪০ লক্ষ টাকা) | ৪০০.০০ | ৪০০.০০ | ৪০০.০০ | ১০০% |

| ক্রম | অবকাঠামো নির্মাণ সংক্রান্ত প্রকল্পের নাম ও মেয়াদ | (২০২১-২০২২) বরাদ্দকৃত অর্থ | ব্যয়িত অর্থ | সংশ্লিষ্ট অর্থ-বছরে (২০২১-২০২২) লক্ষ্যমাত্রা | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১১. | সুনামগঞ্জ ডায়াবেটিক হাসপাতাল স্থাপন<br>(জুলাই ২০১৮ থেকে ডিসেম্বর, ২০২২)<br>প্রাক্কলিত ব্যয় -১৯৪৮.০৫ লক্ষ টাকা | ৫৩৫.০০ | ৫৩৫.০০ | ৫৩৫.০০ | ১০০% |
| ১২. | করিমপুর নুরজাহান সামসুন্নাহার মা ও শিশু বিশেষায়িত হাসপাতাল স্থাপন (জুলাই,২০১৮ - জুন, ২০২২) (প্রস্তাবিত জুন ২০২৩)<br>প্রাক্কলিত ব্যয় -৪৪২৪.০০ লক্ষ টাকা | ৮০০.০০ | ৮০০.০০ | ৮০০.০০ | ১০০% |
| ১৩. | ৫০ শয্যা বিশিষ্ট চাপাঁইনবাবগঞ্জ ডায়াবেটিক হাসপাতাল স্থাপন (১ম সংশোধিত) (এপ্রিল ২০১৮ হতে জুন ২০২২)<br>(প্রাক্কলিত ব্যয় -২৮০৬.৭০ লক্ষ টাকা) | ১২০১.০০ | ১১৯৭.৫৯৩ | ১২০১.০০ | ৯৯.৭২% |
| ১৪. | এস্টাবলিশমেন্ট অব ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হসপিটাল, রাজশাহী (জুলাই ২০১৮ হতে জুন ২০২২) (প্রস্তাবিত জুন/২০২৩)<br>প্রাক্কলিত ব্যয় -৪৭৯৯.৮৯ লক্ষ টাকা | ৩১৭.০০ | ৩১৭.০০ | ৩১৭.০০ | ১০০% |
| ১৫. | মাদারীপুর ডায়াবেটিক হাসপাতাল স্থাপন<br>(ডিসেম্বর, ২০১৮- নভেম্বর, ২০২২)<br>প্রাক্কলিত ব্যয়- ২১৫৩.৩১ লক্ষ টাকা | ৩৫০.০০ | ৩৫০.০০ | ৩৫০.০০ | ১০০% |
| ১৬. | মোহনগঞ্জ সমাজকল্যাণ বালিকা এতিমখানা নির্মাণ<br>(জুলাই ২০১৯ - ডিসেম্বর ২০২১) (প্রস্তাবিত জুন ২০২৩)<br>প্রাক্কলিত ব্যয় - ৬৩৩.০৪ লক্ষ টাকা | ১০০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ১০০% |
| ১৭. | আমাদের গ্রাম ক্যান্সার কেয়ার এন্ড রিসার্চ সেন্টার নির্মাণ<br>(জুলাই ২০১৯ হতে জুন ২০২২) (প্রস্তাবিত জুন ২০২৩)<br>প্রাক্কলিত ব্যয় - ২২৮৯.৪৭ লক্ষ টাকা | ৭৫০.০০ | ৭১১.৭৫ | ৭৫০.০০ | ৯৪.৯০% |
| ১৮. | সিরাজগঞ্জ জেলার শাহজাগপুরে ফজলুল হক প্রবীণ নিবাস (থেরাপী সেন্টারসহ) এবং অনগ্রসর কিশোর-কিশোরীদের জন্য বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ<br>(জানুয়ারি ২০২০ হতে জুন ২০২২) (প্রস্তাবিত জুন ২০২৩)<br>প্রাক্কলিত ব্যয়- ২৪৭২.৫৮ লক্ষ টাকা | ৯৩৭.০০ | ৯১১.৯৪৯ | ৯৩৭.০০ | ৯৭.৩৩% |
| ১৯. | ছেতারা ছফিউল্লাহ কিডনী ও প্রতিবন্ধী সেবা কেন্দ্র স্থাপন<br>(নভেম্বর ২০১৯ হতে ডিসেম্বর ২০২২)<br>প্রাক্কলিত ব্যয়- ২৪৮৭.৭৮ লক্ষ টাকা | ১০২৮.০০ | ১০১৮.৮৯৪ | ১০২৮.০০ | ৯৯.১১% |
| ২০. | প্রতিবন্ধী, বিধবা ও দুঃস্থদের কল্যাণে শামসুদ্দিন গোলেজান ট্রেনিং কমপ্লেক্স এবং স্বাস্থ্যসেবা কেন্দ্র স্থাপন<br>(জুলাই ২০২০ হতে জুন ২০২২) (প্রস্তাবিত জুন ২০২৩)<br>প্রাক্কলিত ব্যয়- ২৭৭৬.৬১ লক্ষ টাকা | ৪০৫.০০ | ৪০৪.৯৫৬ | ৪০৫.০০ | ৯৯.৯৯% |
| ২১. | কিডনী হাসপাতাল স্থাপন, সিলেট<br>(জুলাই ২০২০ হতে জুন ২০২৩)<br>প্রাক্কলিত ব্যয়- ২৪৯৯.৭১ লক্ষ টাকা | ২০.০০ | ০.০০ | ২০.০০ | - |

| ক্রম | অবকাঠামো নির্মাণ সংক্রান্ত প্রকল্পের নাম ও মেয়াদ | (২০২১-২০২২) বরাদ্দকৃত অর্থ | ব্যয়িত অর্থ | সংশ্লিষ্ট অর্থ-বছরে (২০২১-২০২২) লক্ষ্যমাত্রা | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ২২. | গাজীপুর ডায়াবেটিক হাসপাতাল স্থাপন<br>(জুলাই ২০২০ হতে জুন ২০২৩)<br>প্রাক্কলিত ব্যয়- ২২০৫.২১ লক্ষ টাকা | ২০০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ১০০% |
| ২৩. | এস্টাবলিশমেন্ট অব হার্ট ফাউন্ডেশন হসপিটাল, চাঁপাইনবাবগঞ্জ<br>(জুলাই ২০২০ হতে জুন ২০২৩)<br>প্রাক্কলিত ব্যয়- ২৫৬২.৫৭ লক্ষ টাকা | ৫.০০ | ০.৪৪ | ৫.০০ | ৮% |
| ২৪. | চরফ্যাশন উপজেলায় বাংলাদেশ দারিদ্র বিমোচন সংস্থা স্বাস্থ্য সেবা কেন্দ্র স্থাপন<br>(জানুয়ারি ২০২১ হতে জুন ২০২৩)<br>প্রাক্কলিত ব্যয়- ২৭৩৮.৬০ লক্ষ টাকা | ৮.০০ | ২.১৯ | ৮.০০ | ২৭.৩৮% |
| ২৫. | খান বাড়ী কমিউনিটি হাসপাতাল, পাঁচখোলা, মাদারীপুর স্থাপন<br>(জানুয়ারি ২০২১ - ডিসেম্বর ২০২৩)<br>প্রাক্কলিত ব্যয়- ৪১৪০.৬০ লক্ষ টাকা | ১২০০.০০ | ১২০০.০০ | ১২০০.০০ | ১০০% |
| ২৬. | প্রফুল্ল প্রতিভা প্রবীণ নিবাস, এতিমখানা এবং বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের সাহায্য কেন্দ্র, মাগুরা<br>(জুলাই ২০২০ হতে জুন ২০২২) (প্রস্তাবিত জুন ২০২৩)<br>প্রাক্কলিত ব্যয়- ২৮১৯.৭৮ লক্ষ টাকা | ৬৪৫.০০ | ৬৪৪.২৭৫ | ৬৪৫.০০ | ৯৯.৮৯% |
| ২৭. | ইনক্লুসিভ আই কেয়ার ফ্যাসিলিটিস হাসপাতাল স্থাপন<br>(জানুয়ারি ২০২১ হতে জুন ২০২৩)<br>প্রাক্কলিত ব্যয়- ২৪৬২.০০ লক্ষ টাকা | ৫০০.০০ | ৪৯৮.৫৭১ | ৫০০.০০ | ৯৯.৭১% |

(১৮) পররাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট তথ্য
১৮.১, ১৮.২, ১৮.৩, ১৮.৪, ১৮.৫ - প্রযোজ্য নয়।

(১৯) শিক্ষা সংক্রান্ত তথ্য
১৯.১, ১৯.২, ১৯.৩, ১৯.৪, ১৯.৫ - প্রযোজ্য নয়।

(২০) স্বাস্থ্য-সংক্রান্ত তথ্য ( স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় পূরণ করবে)
২০.১, ২০.২, ২০.৩ - প্রযোজ্য নয়।

(২১) জনশক্তি রপ্তানি সংক্রান্ত (প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় পূরণ করবে) - প্রযোজ্য নয়।

(২২) হজ্জ-সংক্রান্ত তথ্য ( ধর্ম বিষয়ক মন্ত্রণালয় পূরণ করবে) - প্রযোজ্য নয়।

(২৩) **সামাজিক নিরাপত্তা কর্মসূচি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পূরণ করবে)**

| মন্ত্রণালয়/ বিভাগ | ক্রম | সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরন | প্রতিবেদনাধীন বছর (২০২১-২২) | | পূর্ববর্তী বছর (২০২০-২১) | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদফতর | ১. | বয়স্কভাতা | ৫৭.০১ লক্ষ | ৩৪৪৪৫৪.০০ | ৪৯ লক্ষ | ২৯৪০০০.০০ |
| | ২. | বিধবা ও স্বামী পরিত্যক্তা দুস্থ মহিলা ভাতা | ২৪.৭৫ লক্ষ | ১৪৯৫৪০.০০ | ২০.৫০ লক্ষ | ১২৩০০০.০০ লক্ষ |
| | ৩. | অসচ্ছল প্রতিবন্ধী ভাতা | ২০.০৮ লক্ষ | ১৮২০০০.০০ | ১৮ লক্ষ | ১৬২০০০.০০ |
| | ৪. | প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি | ০১ লক্ষ | ৯৫৬৪.০০ | ০১ লক্ষ | ৯৫৬৪.০০ |
| | ৫. | সরকারি শিশু পরিবার ও অন্যান্য প্রতিষ্ঠান | ১৭,৬৭৫ জন ১৯৪ টি প্রতিষ্ঠান | ৭৯৫৩.৭৫ | ১৭,৬৭৫ জন ১৯৪ টি প্রতিষ্ঠান | ৭৪২৩.৫০ |
| | ৬. | বেসরকারি এতিমখানার নিবাসীদের জন্য ক্যাপিটেশন গ্রান্ট | ১,০৬,০০০ জন ৪০৭১ টি প্রতিষ্ঠান | ২৫৪৪০.০০ | ১,০০০০০ জন ৪০১২ টি প্রতিষ্ঠান | ২৪০০০.০০ |
| | ৭. | দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম | ১২৫০ জন | ১৯৩.০০ | ১৫৩৫ জন | ১৮২.০০ লক্ষ |
| | ৮. | ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান | ৩০০০ জন | ২৬৮০.০০ | ২,৮৫০ জন | ৫০০.০০ |
| | ৯. | চাইল্ড সেনসেটিভ স্যোসাল প্রটেকশন ইন বাংলাদেশ প্রকল্প (সিএসপিবি) | ১৭২৮৭৯ জন (চাইল্ড হেল্পলাইন-১০৯৮ সেবাসহ) | ১৭৬২.৫২ | ২১০২৮৬ (চাইল্ড হেল্পলাইন-১০৯৮ সেবাসহ) | ১২৩০.৫৩ লক্ষ |
| | ১০. | শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র | ৩৬৮৫ জন | ২৪৩৭.০০ | ৩৪৬৩ জন | ২১৫৬.০০ |
| | ১১. | হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি | ৫৭৪৫ জন | ৫৫৬.০০ | ৪৮১৫ জন | ৫৫৬.০০ |

| মন্ত্রণালয়/ বিভাগ | ক্রম | সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরন | প্রতিবেদনাধীন বছর (২০২১-২২) | | পূর্ববর্তী বছর (২০২০-২১) | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/ প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) |
| | ১২ | অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি | ৬৯১৫৩ জন | ৫৭৮৭.০০ | ৬৯৫৭২ জন | ৫৭৮৭.০০ |
| | ১৩. | বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি | ৯৫৬৪ জন | ৯২৩.০০ | ৮৯৯৮ জন | ৯২৩.০০ |
| | ১৪. | চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচি | ৫০০০০ জন | ২৫০০.০০ | ৪৯,৯০০ জন | ২৫০০.০০ |
| | ১৫. | ক্যান্সার, কিডনি ও লিভার সিরোসিস রোগীর আর্থিক সহায়তা কর্মসূচি | ৩০,০০০ জন | ১৫০০০.০০ | ২৯,৯১০ জন | ১৫০০০.০০ |

(২৪) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান

২৪.১ মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন যে সব (বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত) প্রতিষ্ঠান ২০২১-২২ অর্থবছরে লোকসান করেছে তাদের নাম ও লোকসানের পরিমাণ - প্রযোজ্য নয়।

২৪.২ মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন যে সব (বাণিজ্যিক ভিত্তিতে পরিচালিত) প্রতিষ্ঠান ২০২১-২২ অর্থবছরে লাভ করেছে তাদের নাম ও লাভের পরিমাণ - প্রযোজ্য নয়।

07/9/22

০৭.০৭.২২
মোছাঃ নাসরিন সুলতানা
সমাজসেবা অফিসার (আর ও)
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, ঢাকা।

7/9/22
রকিব আহমেদ
উপপরিচালক
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

07/9/22
সৈয়দ মোঃ নুরুল বাসির
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন ও অর্থ)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।